দৈনিক বাংলা

তারিখ ১০/১২/৮১

077

# রংপুরে ৬০টি খাল খনন প্রকল্পের কাজ এগিয়ে চলেছে

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

কুড়িগ্রাম' ৮ই ডিসেম্বর।— চলতি মওসুমে রংপুর জেলায় ১৬১ মাইল দীর্ঘ ৬০টি খালখনন ও পুনঃ খনন প্রকল্প নেয়া হয়েছে। ইতিমধ্যে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে তৃতীয় পর্যায়ের খালখননের কাজ জেলায় শুরু হয়েছে।

জানা গেছে রংপুর জেলা প্রশাসন ৮১-৮২ মওসুমে জেলায় পাঁচটি মহকুমায় ১৬১ মাইল দীর্ঘ ৬০টি খালখননও পুনঃখনন প্রকল্প গ্রহণ করেছেন। এর মধ্যে রংপুর সদরে ২৭ মাইল দীর্ঘ ১১টি খাল, কুড়িগ্রাম মহকুমায় সাড়ে ৩০ মাইল দীর্ঘ ১২টি খাল, গাইবান্ধা মহকুমায় ৩৮ মাইল দীর্ঘ ৯টি খাল, নীলফামারী মহকুমায় ৩২ মাইল দীর্ঘ ১৩টি খাল এবং লালমনিরহাট মহকুমায় ৩৪ মাইল দীর্ঘ ১৫টি খাল।

রংপুর জেলায় ৬০টি খালখনন কাজের জন্য মাটি কাটা হবে ১৬ কোটি ৩০ লাখ ৪০ হাজার ৫শ ২৬ ঘন ফুট। খালখননে শতকরা ৮৫ ভাগ কাজ স্বেচ্ছাশ্রমের মাধ্যমে ও শতকরা ১৫ ভাগ কাজ হবে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর মাধ্যমে। এ খালখননে প্রত্যেকটি মহকুমার জন্য এক হাজার মন করে মোট ৫ হাজার মন গম বরাদ্দ করা হয়েছে। এ খাল খনন কাজ সম্পন্ন হলে রংপুর সদরে ৮ হাজার ৮৫ একর কুড়িগ্রামে ৮ হাজার ৮শ ৭৫ একর, গাইবান্ধায় ১৩ হাজার ৬শ ৫০ একর, লালমনির হাটে ৯ হাজার ৮শ ৭৫ একর এবং নীলফামারীর ১৪ হাজার ৭৫ একর জমি মোট ৫৪ হাজার ৫শ ৬০ একর জমি সেচের আওতায় আসবে এবং বছরে তিনটি ফসল অতিরিক্ত পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। পক্ষান্তরে খালের পারে ২২১টি পাওয়ার পাম্প স্থাপন করা হবে যা দিয়ে পানি সরবরাহের কাজ চলবে।

ইতিমধ্যে খালখননের কাজ জেলায় শুরু হয়ে গেছে। রংপুর সদর, কুড়িগ্রাম ও নীলফামারীতে এ পর্যন্ত ৭৫ হাজার ঘনফুট মাটির কাজ সমাপ্ত হয়েছে। আগামী মে মাসের মধ্যে প্রত্যেকটি প্রকল্পের কাজ সম্পন্ন করা হবে বলে জানা গেছে।